...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	২১ জুন ২০২০
সভার সময়	সকাল: ১১.০০ টায়
স্থান	zoom app এর মাধ্যমে অনলাইনে
উপস্থিতি	“ক”

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন।

২। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ০৯ মার্চ ২০২০ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

৩। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	সহকারী পরিচালক (প্রশাসন) সভায় জানান, সাবেক অতিরিক্ত সচিব ফিরোজ মিয়া প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা/ কর্মচারীদের জন্য একটি পূর্ণাঙ্গ দীর্ঘ মেয়াদী পেনশন স্কিম প্রস্তুত করে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন নেয়ার পরামর্শ দিয়েছেন।	আগামী ৩০ শে জুনের মধ্যে অর্থ মন্ত্রণালয়ের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান শাখায় যোগাযোগ করে ট্রাস্টের মতো যেসব প্রতিষ্ঠান রয়েছে সেরুপ একটি প্রতিষ্ঠানের পেনশন স্কিমের কপি সংগ্রহ করে সেই আদলে ট্রাস্টের কর্মকর্তা/ কর্মচারীদের জন্য একটি পেনশন স্কিম তৈরি করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
২.	সকল উপবৃত্তি ট্রাস্টে স্থানান্তর সংক্রান্ত কাজের অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব নাসরীন মুক্তির সাথে যোগাযোগ করে এ সংক্রান্ত কাজ এগিয়ে নিতে হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি)
৩.	সহকারী পরিচালক (উপবৃত্তি) সভায় জানান, উপবৃত্তির অর্থ ছাড়করণের পর বিকাশ জানিয়েছে ৫৭৩ একাউন্টে টাকা পাঠানো যায়নি। এছাড়া বিভিন্ন প্রতিষ্ঠান থেকে ৫৯৯ টি নতুন একাউন্টের আবেদন এসেছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	করোনাজনিত দুর্যোগকালীন সময়ে মাঠ পর্যায়ে যাচাই বাছাই করার সুযোগ না থাকায় সংশোধিত তালিকায় নতুন একাউন্ট গুলোতে উপবৃত্তির অর্থ পাঠানো হবে না।	সহকারী পরিচালক (উপবৃত্তি)
৪.	সহকারী পরিচালক (উপবৃত্তি) সভায় জানান, জুন ২০২০ এর মধ্যে অগ্রণী ব্যাংকের সাথে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের চুক্তির মেয়াদ শেষ হয়ে যাবে। চুক্তির শর্ত মোতাবেক সেবা সন্তোষজনক হলে উভয় পক্ষের সম্মতিক্রমে চুক্তি নবায়ন করা যেতে পারে অথবা নতুন আর্থিক প্রতিষ্ঠান নিয়োগের জন্য টেন্ডার আহবান করা যেতে পারে।	এ বিষয়ে পরবর্তীতে সিদ্ধান্ত নেয়া হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি)

৫.	ই-স্টাইপেন্ড সফটওয়্যার তৈরির অগ্রগতি সম্পর্কে সভায় আলোচনা হয়। সিনেসিস আইটি'র কাজের বিষয়ে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। সিনেসিস আইটি'র বিল পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	ক) ট্রাস্টের প্রোগ্রামার ই-স্টাইপেন্ড সফটওয়্যারটি পরীক্ষা নিরীক্ষা করবেন। সফটওয়্যার ব্যবহার উপযোগী হলে সিনেসিস আইটি'র অর্থ পরিশোধ করা হবে। খ) এ বছর উপবৃত্তি প্রদানের জন্য অনলাইনের মাধ্যমে তিন শিক্ষা বর্ষের শিক্ষার্থীদের (২০১৬-১৭, ২০১৭-১৮ এবং ২০১৮-১৯) তথ্য সংগ্রহ করা হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি) এবং প্রোগ্রামার
৬.	ট্রাস্টের উপপরিচালক সভায় জানান, এ বছর ট্রাস্ট কর্তৃক এম.ফিল. ও পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি প্রদানের জন্য নির্বাচিত ২৯ জন ফেলোকে ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে নির্ধারিত কাজগপত্র জমাদানের শর্তে যোগদান করতে বলা হয়েছে। করোনাজনিত দুর্যোগের কারণে যোগদানের শর্ত শিথিল করা যায় কিনা এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া পিএইচ.ডি. ফেলোশিপে বৃত্তির অর্থ বাড়ানো যায় কিনা সে বিষয়ে সভায় আলোচনা হয়।	ক) এম.ফিল. ও পিএইচ.ডি. ফেলোশিপ ও বৃত্তি প্রাপ্তির জন্য নির্বাচিত ফেলোগণ ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে ই-মেইলে অথবা হার্ডকপিতে যোগদান পত্র জমা দিতে পারবেন। পরবর্তীতে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে পারবেন। খ) পিএইচ.ডি. ফেলোশিপে বৃত্তির পরিমান মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয়ের অনুমোদন ক্রমে বাড়ানো হবে।	উপ-পরিচালক
৭.	খুব শীঘ্রই বিভিন্ন ব্যাংকে ট্রাস্টের এফডিআর কৃত অর্থের মেয়াদ পূর্ণ হয়ে যাবে। নতুন করে এফডিআর করার জন্য বিভিন্ন ব্যাংকের কাছে অফার লেটার চেয়ে পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	আগামী ২৫ জুন ২০২০ তারিখের মধ্যে বিভিন্ন ব্যাংকে অফার লেটার চেয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (অর্থ ও হিসাব)
৮.	আগামী ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে ট্রাস্টের সকল ক্রয় সম্পন্নের বিষয়ে আলোচনা হয়।	ক) আগামী ৩০ জুন ২০২০ তারিখের মধ্যে কম্পিউটার সরমঞ্জামাদিসহ অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী ক্রয়ের কাজ সম্পন্ন করতে হবে। খ) ট্রাস্টের লাইব্রেরির জন্য কিছু বই কেনা হবে।	উপ-পরিচালক/ সহকারী পরিচালক (প্রশাসন) এবং প্রোগ্রামার
৯.	শুদ্ধাচার পুরস্কার ২০১৯-২০ প্রদানের জন্য কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়।	শুদ্ধাচার পুরস্কার ২০১৯-২০ প্রদানের জন্য ট্রাস্টের কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.৬৬

তারিখ: ১১ আষাঢ় ১৪২৭
২৫ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৩) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৪) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৫) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৬) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৭) প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৮) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৯) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১০) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১১) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১২) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৪) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৫) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৬) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৭) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

১৮) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

RJahan

রেজওয়ানা আক্তার জাহান

সহকারী পরিচালক